

ফতওয়া নং ৪১৮

প্রশ্ন:

জনাব মুফতি সাহেব দাঃ বাঃ, কোনো জিনিস মসজিদে কিংবা মসজিদের সন্নিহিতে কুড়িয়ে পাওয়া গেলে তা মালিকের কাছে পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে ফরজ নামাজের পর মসজিদে এলান করা যাবে কি? ২. মসজিদের মাইকে এলান করা যাবে কি? দলিল ভিত্তিক বিস্তারিত জানালে উপকৃত হবো।

উত্তর:

নামায, মসজিদ সংক্রান্ত ও আযান ছাড়া অন্য বিষয়ক এলান মসজিদের ভিতরে না করে মসজিদের দরজার বাইরে করবো। আর যে মাইক আযান দেওয়ার জন্য নির্দিষ্ট, তাতে কুড়িয়ে পাওয়া বস্তুর এলান করা ঠিক নয়। (ফাতাওয়া মাহমুদিয়া ১৫/৩৭,৪১)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
২১ যিলহজ্জ, ১৪৪৫ হিজরী (28/06/2024)